গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়

বাগেরহাট

আইসিটি শাখা

## জেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | মোহাঃ খালিদ হোসেন<br>জেলা প্রশাসক, বাগেরহাট |
| সভার তারিখ | ১৮ মার্চ, ২০২৪ খ্রিঃ |
| সভার সময় | দুপুর ০১.৩০ ঘটিকা |
| স্থান | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, বাগেরহাট |
| উপস্থিতি | সভায় উপস্থিত এবং অনুপস্থিত সদস্যবৃন্দের নাম ও পদবী পরিশিষ্ট-ক দ্রষ্টব্য। |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বাগেরহাট বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনোরূপ সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রমিক নং | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১. | **ওয়েবপোর্টাল হালনাগাদকরণ সংক্রান্তঃ** মাননীয় প্রধানমন্ত্রীর ভিশন-২০৪১ ‘স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের জন্য স্মার্ট অফিস ব্যবস্থাপনা একান্ত জরুরি। স্মার্ট অফিস ব্যবস্থাপনা করতে হলে নিজ নিজ দপ্তরের ওয়েবপোর্টাল নিয়মিত হালনাগাদ করতে হবে। জেলা প্রশাসক ও জেলা আইসিটি কমিটির সভাপতি সংশ্লিষ্ট সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদকরণ রিপোর্ট পর্যবেক্ষণ করেন এবং যে সকল দপ্তরের ওয়েবপোর্টাল ১০০% হালনাগাদ নেই সে সকল দপ্তরকে মার্চ/২৪ মাসের মধ্যে স্ব-স্ব ওয়েবপোর্টাল শতভাগ হালনাগাদ করার জন্য অনুরোধ করেন।<br>উপজেলা পর্যায়ে বিভিন্ন দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার-কে ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | ১.১ সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ শতভাগ নিশ্চিত করতে হবে।<br>১.২ সরকারের উন্নয়ন, অগ্রগতি ও সাফল্য ওয়েবপোর্টালে আবশ্যিকভাবে প্রকাশ করতে হবে। | ০১.সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল), বাগেরহাট।<br>০২. উপজেলা নির্বাহী অফিসার (সকল), বাগেরহাট।<br>০৩. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বাগেরহাট। |
| ০২. | **শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও শেখ রাসেল স্কুল অব ফিউচার সংক্রান্তঃ** অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বাগেরহাট সভায় অবহিত করেন যে, ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ২টি প্রকল্পের মাধ্যমে বাগেরহাট জেলায় ১৩৩ টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব, ২টি শেখ রাসেল ডিজিটাল ক্লাসরুম ও ৪ টি শেখ রাসেল স্কুল অব ফিউচার স্থাপন করা হয়েছে। ২০২৩-২৪ অর্থবছরে বাগেরহাট জেলায় আরো ১৪০ টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্তির জন্য প্রকল্প দপ্তরে সুপারিশ করা হয়েছে। শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও শেখ রাসেল স্কুল অব ফিউচার ব্যবহারের মাধ্যমে শিক্ষার্থীদের আইসিটি বিষয়ে দক্ষতা বৃদ্ধি পাবে। ল্যাব ব্যবহার নির্দেশিকা অনুযায়ী ল্যাবগুলোর যথাযথ ব্যবহার নিশ্চিত করার বিষয়ে আলোচনা হয়। | ২.১ ল্যাবগুলো নিয়মিত পরিদর্শনের মাধ্যমে যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে। | ০১. উপজেলা নির্বাহী অফিসার (সকল),বাগেরহাট।<br>০২. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, বাগেরহাট।<br>০৩. সহকারী প্রোগ্রামার (সকল), বাগেরহাট। |

| | | | |
|---|---|---|---|
| ০৩. | **ই-নথি/ডি-নথি বাস্তবায়ন সংক্রান্তঃ** একটি আধুনিক, দক্ষ ও জনসেবামূলক জনপ্রশাসন গড়ে তুলতে তথ্য প্রযুক্তি ব্যবহারের কোন বিকল্প নেই। ইতোমধ্যে জেলা ও উপজেলা পর্যায়ে সরকারি দপ্তরসমূহেকে একাধিকবার ই-নথি/ডি-নথি বিষয়ক ট্রেনিং প্রদান করা হয়েছে। যে সকল অফিস ই-নথি ও ডি-নথিতে লাইভ সার্ভারে আছে সে সকল অফিসের দাপ্তরিক কার্যক্রম ১০০% ই-ফাইলিং ও ডি-ফাইলিং এর মাধ্যমে সম্পাদনাসহ প্রতিটি ডাক ই-নথিতে নিষ্পন্ন করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | ৩.১জেলাধীন সকল দপ্তরের দাপ্তরিক কার্যক্রম ১০০% ই-নথি/ডি-নথি এর মাধ্যমে সম্পাদন করতে হবে।<br>৩.২ ই-নথি/ডি-নথি স্বয়ংক্রিয়ভাবে ব্যবহার করার জন্য মোবাইলঅ্যাপস ডাউনলোড করে ব্যবহার করতে হবে । | ০১. সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল), বাগেরহাট<br>০২. উপজেলা নির্বাহী অফিসার (সকল), বাগেরহাট।<br>০৩. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বাগেরহাট।<br>০৪. সহকারী প্রোগ্রামার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর,বাগেরহাট । |
| ০৪. | **ইনোভেশন সংক্রান্তঃ** মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক ইনোভেশন কার্যক্রমে গতিশীলতা আনয়নে সকল উপজেলা নির্বাহী অফিসারগণকে স্ব-স্ব উপজেলায় প্রতিমাসে ইনোভেটিভ টিমের সভা আয়োজন এবং বর্ণিত সভায় বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করার বিষয়ে আলোচনা হয়। | ৪.১ প্রতিমাসে নিয়মিতভাবে উপজেলা ইনোভেটিভ টিমের সভা আয়োজন এবং বর্ণিত সভায় বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করতে হবে। | ০১. উপজেলা নির্বাহী অফিসার (সকল),বাগেরহাট।<br>০২. সহকারী কমিশনার, আইসিটি শাখা, বাগেরহাট। |
| ০৫. | **হার পাওয়ার প্রকল্পের প্রশিক্ষণ সংক্রান্তঃ** তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "হার পাওয়ার প্রকল্প" (Her Power Project) এর আওতায় বাগারহাট জেলার বাগেরহাট সদর, মোংলা ও মোড়েলগঞ্জ উপজেলায় প্রযুক্তির সহয়ায়তায় নারীদের ক্ষমতায়ন এর লক্ষ্যে বিভিন্ন প্রশিক্ষণ চলমান আছে। | ৫.১ জেলা ও উপজেলা পর্যায়ে প্রশিক্ষন বিষয়ে প্রচার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বাগেরহাট ।<br>০২.প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বাগেরহাট।<br>০৩. সহকারী প্রোগ্রামার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর,বাগেরহাট। |

| | | | |
|---|---|---|---|
| ০৬. | **মাল্টিমিডিয়া ক্লাসরুম সংক্রান্তঃ** যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম রয়েছে, সে সকল শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম কার্যক্রম চলমান রাখার বিষয়ে আলোচনা করা হয়। সভাপতি, প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরকে মাল্টিমিডিয়া ক্লাস কার্যক্রম নিয়মিত মনিটরিং করার জন্য নির্দেশনা প্রদান করেন | ৬.১ শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম এর কার্যক্রম চলমান রাখতে হবে এবং নিয়মিত পর্যবেক্ষণ করতে হবে। | ০১. উপজেলা নির্বাহী অফিসার (সকল),বাগেরহাট।<br>০২. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, বাগেরহাট।<br>০৩. সহকারী প্রোগ্রামার (সকল), বাগেরহাট। |
| ০৭. | **দাপ্তরিক ই-মেইল ব্যবহার সংক্রান্তঃ** সভাপতি মহোদয় দাপ্তরিক প্রয়োজনে ব্যাক্তিগত ই-মেইল ব্যবহারের পরিবর্তে দাপ্তরিক ই-মেইল ব্যবহার নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। সকল দপ্তর প্রধান, বাগেরহাট-কে নিজ নিজ দাপ্তরিক ই-মেইল প্রতিদিন নিয়মিত পর্যবেক্ষণ ও সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। | ৭.১ দাপ্তরিক ই-মেইল নীতিমালা অনুযায়ী সকল দপ্তরকে তাদের নিজ নিজ দাপ্তরিক ই-মেইল প্রতিদিন নিয়মিত চেক করতে হবে। | ০১.সকল দপ্তর প্রধান, বাগেরহাট। |
| ০৮ | **সামাজিক যোগাযোগ মাধ্যম সংক্রান্তঃ** জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে সরকারের উন্নয়ন, অগ্রগতি ও সাফল্য সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশ করাসহ ফেসবুকে প্রাপ্ত অভিযোগসমূহ দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করার বিষয়ে আলোচনা করা হয়। জেলা প্রশাসক মহোদয় উপস্থিত সকলকে সতর্কতার সহিত সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করার নির্দেশনা প্রদান করেন। | ৮.১ উন্নয়নমূলক কার্যক্রম ফেসবুকে প্রচার করতে হবে এবং সতর্কতার সহিত সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করতে হবে। | ০১. উপজেলা নির্বাহী অফিসার (সকল),বাগেরহাট।<br>০২. সকল দপ্তর প্রধানগণ। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোহাঃ খালিদ হোসেন
জেলা প্রশাসক, বাগেরহাট

স্মারক নম্বর: ০৫.৪৪.০১০০.০৩০.০৭.০০১.২২.২৮

তারিখ: ১৪ চৈত্র ১৪৩০
২৮ মার্চ ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
২) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
৩) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা
৪) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বাগেরহাট
৫) অধ্যক্ষ, সরকারি পি.সি কলেজ, বাগেরহাট
৬) সিভিল সার্জন, বাগেরহাট
৭) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, বাগেরহাট
৮) অতিরিক্ত জেলা প্রশাসক, শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট

৯) উপপরিচালক , কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বাগেরহাট

১০) জেলা মৎস্য কর্মকর্তা, মৎস্য অধিদপ্তর, বাগেরহাট

১১) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, বাগেরহাট

১২) উপ পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, বাগেরহাট

১৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল),, বাগেরহাট।

১৪) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বাগেরহাট

১৫) সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট

১৬) সহকারী প্রোগ্রামার (সকল), বাগেরহাট

১৭) সহকারি ব্যবস্থাপক, বিটিসিএল, বাগেরহাট

মোহাঃ খালিদ হোসেন
জেলা প্রশাসক